



জগন্নাথ বিশ্ববিদ্যালয় নতুন ক্যাম্পাসের অধিগ্রহণকৃত ভূমির ডিজিটাল সার্ভে নকশা প্রদর্শন



জগন্নাথ বিশ্ববিদ্যালয় নতুন ক্যাম্পাসের প্রায় ২০০ একর জমির জরিপ যা আধুনিক প্রযুক্তি ডিজিটাল ড্রোন সার্ভের মাধ্যমে ইতিমধ্যে সম্পূর্ণ হয়েছে। প্রকল্প এলাকার বাস্তব চিত্র, জমির সীমানা, রাস্তাঘাট, পুকুর, ডোবা সহ সকল প্রকার চিত্র নকশার মাধ্যমে উপস্থাপন করা হয়, যা পরবর্তিতে মাস্টার প্ল্যান তৈরির কাজে সহযোগী হবে। ১০ ফেব্রুয়ারি ২০২১-বুধবার উক্ত নকশা উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর নিকট হস্তান্তর করা হয় এবং ড্রোনের মাধ্যমে সম্পাদিত জরিপ কাজের ভিডিও চিত্র প্রজেক্টরের মাধ্যমে উপাচার্য মহোদয়ের সভা কক্ষে প্রদর্শন করা হয়।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, রেজিস্ট্রার, পরিচালক (পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস), প্রধান প্রকৌশলী, প্রক্টর সহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।